

### সংশোধিত বিজ্ঞপ্তি

**বিষয়ঃ** পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে উচ্চতর ডিগ্রী (স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি) অর্জনের লক্ষ্যে ০১ এপ্রিল ২০২৩ হতে ৩০ জুন ২০২৪ খ্রি. পর্যন্ত সময়ে বিদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া বাংলাদেশী শিক্ষার্থীদের অনুকূলে বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড (BSTF) হতে ভ্রমণ মঞ্জুরি প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহ্বান।

বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে উচ্চতর ডিগ্রী (স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি) অর্জনের লক্ষ্যে ০১ এপ্রিল ২০২৩ হতে ৩০ জুন ২০২৪ খ্রি. পর্যন্ত সময়ে ভর্তিকৃত বাংলাদেশী শিক্ষার্থীদের অনুকূলে বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড (BSTF) হতে তাদের এক পথের (one way) ভ্রমণ ব্যয়ের আংশিক এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#### **আবেদনকারীর যোগ্যতাঃ (নিম্নের সকল শর্ত পূরণ সাপেক্ষে)**

০১. বাংলাদেশী শিক্ষার্থী বিদেশের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে উচ্চতর ডিগ্রী (স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি) অর্জনের লক্ষ্যে ০১ এপ্রিল ২০২৩ হতে ৩০ জুন ২০২৪ খ্রি. পর্যন্ত সময়ে বিদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হলে;
০২. এ ট্রাস্ট ফান্ডের আওতায় ইতোপূর্বে ভ্রমণ মঞ্জুরি না পেয়ে থাকলে;
০৩. বিদেশে উচ্চশিক্ষার জন্য আবেদনকারী দেশী বা বিদেশী অন্য কোন উৎস থেকে ভ্রমণ মঞ্জুরি/এয়ার টিকেট না পেয়ে থাকলে।

#### **আবেদনের পদ্ধতিঃ**


০১. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের <https://bstf.erd.gov.bd> এই URL ব্যবহার করে রেজিস্ট্রেশন সম্পন্ন করে কেবলমাত্র নির্ধারিত ফরম পূরণপূর্বক অনলাইনে আবেদন করা যাবে।

#### **০২. Online আবেদন হকের নির্ধারিত স্থানে নিম্নবর্ণিত Documents (কাগজপত্র) Upload করতে হবেঃ**

- Scholarship Letter issued by the foreign university;
- Admission Letter issued by the foreign university (with Date, name & Commencement);
- বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান/অন্য কোন উৎস থেকে ভ্রমণ ব্যয় প্রদান করা হয়নি বা হবে না মর্মে সনদপত্র ;
- প্রার্থীর নাম সম্বলিত পাসপোর্টের পেজসহ বাংলাদেশ ইমিগ্রেশন কর্তৃক প্রদত্ত Departure ও সংশ্লিষ্ট দেশের ইমিগ্রেশন কর্তৃক প্রদত্ত Arrival সীল সম্বলিত পাসপোর্ট পেজ ;
- এয়ার টিকেট (বাস/ট্রেনের টিকেট শুধুমাত্র ভারতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য) এবং ভ্রমণ ব্যয়ের রশিদ ;
- সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্র
- জাতীয় পরিচয়পত্রের কপি/জন্ম নিবন্ধন সনদ ;
- বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড (BSTF) ওয়েবসাইটে (<https://bstf.erd.gov.bd>) লগ ইন (log in) করার ক্ষেত্রে আবশ্যিকভাবে নিজস্ব ই-মেইল ব্যবহার করতে হবে;
- পাসপোর্ট সাইজের ছবি (Size:300×300 Pixel);
- নিজ স্বাক্ষরের Scan copy (Size:300×80 Pixel);

**বিশেষ দ্রষ্টব্যঃ** একাডেমিক এবং স্কলারশীপ এর সনদ/ডকুমেন্টসহ অন্যান্য সংশ্লিষ্ট ডকুমেন্ট একসাথে scan করে BSTF ওয়েবসাইটের নির্দিষ্ট স্থানে একটি ফাইলে আপলোড করতে হবে।

০৩. ভ্রমণ মঞ্জুরির অর্থ উত্তোলনের জন্য অবশ্যই বাংলাদেশী রাষ্ট্রায়ত্ত্ব/বাণিজ্যিক ব্যাংক (Online এর আওতাভুক্ত ব্যাংক শাখা) ব্যবহার করতে হবে। প্রার্থী তাঁর নিজস্ব/বাবা/মা/ভাই/বোন/Spouse এর ব্যাংক একাউন্ট ব্যবহার করতে পারবেন। **[বিশেষ দ্রষ্টব্যঃ** ব্যাংক একাউন্ট-এর ত্রুটিযুক্ত তথ্য প্রদান করলে তা পুনরায় সংশোধনের সুযোগ কোন অবস্থাতেই দেয়া হবে না এবং ভ্রমণ মঞ্জুরি বাতিল বলে গণ্য হবে।
০৪. একই প্রার্থী একের অধিকবার আবেদন করতে পারবেন না।
০৫. আবেদনের হার্ড কপি প্রেরণ করার প্রয়োজন নেই।
০৬. **আগামী ০১ জুলাই ২০২৪ তারিখ স্থানীয় সময় সকাল ৯.০০ ঘটিকা হতে ৩১ আগস্ট ২০২৪ তারিখ স্থানীয় সময় রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে।** নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনভাবেই আবেদন গ্রহণ করা হবে না;
০৭. দাখিলকৃত তথ্যের অসম্পূর্ণতা, ত্রুটি কিংবা অসঙ্গতির জন্য কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
৩১.০৭.২০২৪

(মোঃ রুহুল আমিন)

সহকারী সচিব

ফোনঃ ৪৮১১৭৬৩৫

E-mail: [fnf@erd.gov.bd](mailto:fnf@erd.gov.bd)